The Most Circulated Bengali Newspaper in North America | উত্তর-আমেরিকায় বাংলা ভাষায় সর্বাধিক প্রচারিত



# সাপ্তাহিক আজকাল



The Weekly Ajkal ◆ Vol.15, Issue 781 ◆ 01 September 2023 ◆ শুক্রবার ১৭ ভাদ্র ১৪৩০ ◆ www.ajkalnewyork.com

খেলা — মেসির নেতৃত্বে বিশ্বকাপ বাছাইয়ে খেলবে আর্জেন্টিনা : পৃষ্ঠা-৫৬
গল্প ও কবিতা নিয়ে এবারের সাহিত্য : পৃষ্ঠা-২৪
সমকালীন বিভিন্ন বিষয়ে লেখা ও কলাম : পৃষ্ঠা ৫,৬,৭, ১১, ১২
ন্যান্সি প্রথমবারের মতো গান গাইতে যাচ্ছেন আমেরিকা : পৃষ্ঠা-৩০ — বিনোদন

### বাংলাদেশে সুষ্ঠু নির্বাচন ও ড. ইউনূসের বিচার স্থগিতে প্রধানমন্ত্রীকে চিঠি

# হাসিনার ডাকে সাড়া ওবামা-হিলারীর

বিশেষ প্রতিনিধি

### তালিকায় ১০৪ নোবেলজয়ী ও ৭৯ বিশ্বনেতা

নজিরবিহীন চাপে পড়েছেন বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা। দেশটির একমাত্র নোবেলজয়ী ড. মুহাম্মদ ইউনূসের বিচার স্থগিত চেয়ে সেই সঙ্গে আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন সুষ্ঠু ও গ্রহণযোগ্য করার দাবিতে বিশ্বের ১৮৩ জন প্রভাবশালী ব্যক্তি শেখ হাসিনাকে খোলাচিঠি দিয়েছেন। এদের মধ্যে ১০৪ জন নোবেলজয়ী এবং জাতিসংঘের সাবেক মহাসচিব বান কি মুন, সাবেক মার্কিন প্রেসিডেন্ট বারাক ওবামা ও সাবেক পররাষ্ট্রমন্ত্রী হিলারী ক্লিনটনসহ ৭৯ জন বিশ্বনেতা রয়েছেন। এ চিঠি পাওয়ার পর গত মঙ্গলবার সংবাদ সম্মেলনে সাংবাদিকদের এক এরপর ২৬ পৃষ্ঠায়





ইন্টারেস্ট চার্জ শুরু

## অক্টোবর থেকে ছাত্রদের ঋণ পরিশোধ

আজকাল রিপোর্ট

স্টুডেন্ট লোনের ওপর ইন্টারেস্ট চার্জ শুরু হচ্ছে আজ শুক্রবার ১ সেপ্টেম্বর থেকে। আর অক্টোবর থেকে কিস্তি প্রদান করতে এরপর ২৬ পৃষ্ঠায়

### সংবিধানের চতুর্দশ সংশোধনীর উল্লেখ করছেন আইনবিদরা

## ট্রাম্প নির্বাচন করতে পারবেন না

বিশেষ প্রতিনিধি

ক্যাপিটল হিলে হামলার ঘটনার কারণে ডোনাল্ড ট্রাম্প সংবিধানের চতুর্দশ সংশোধনী অনুসারে প্রেসিডেন্ট নির্বাচনে আর প্রতিদ্বন্দ্বিতা করতে পারবেন না। যুক্তরাষ্ট্রের বিশিষ্ট আইনবিদরা এই অভিমত ব্যক্ত করেছেন। তারা এ প্রসঙ্গে সংবিধানের যে ব্যাখ্যা উপস্থাপন করেছেন তার পক্ষে আইনবিদদের সমর্থন ক্রমেই বাড়ছে। আইনবিদরা সংবিধানের প্রায় অব্যবহৃত একটি ধারার উল্লেখ করে বলেছেন, এই ধারা অনুযায়ী ডোনাল্ড ট্রাম্প ২০২১ সালের ৬ জানুয়ারি ক্যাপিটল হিলে হামলার ঘটনায় স্পষ্টতই প্রেসিডেন্ট নির্বাচনে আর অংশ নিতে পারেন না। তারা বলেছেন, সংবিধানের চতুর্দশ সংশোধনী এরপর ৪০ পৃষ্ঠায়





### টরন্টোর শেরাটন হোটেলে জমজমাট আয়োজন

## ৩৭তম ফোবানার উদ্বোধন আজ

আজকাল রিপোর্ট

আজ শুক্রবার ১ সেপ্টেম্বর শেরাটন সেন্টার টরন্টো হোটেলে উদ্বোধন হচ্ছে ৩৭তম ফোবানা সম্মেলনের। জমজমাট এ আয়োজনের সকল প্রস্তুতি ইতোমধ্যেই সম্পন্ন হয়েছে। কানাডার টরন্টো শহরে ১ থেকে ৩ সেপ্টেম্বর পর্যন্ত ৩ দিনব্যাপী এ সম্মেলনকে কেন্দ্র করে এখন এক উৎসবের আমেজ বিরাজ করছে। ফোবানা স্টিয়ারিং কমিটির এক্সিকিউটিভ সেক্রেটারি শাহনেওয়াজের নেতৃত্বে নিউইয়র্ক থেকে ফোবানা নেতৃবৃন্দ গতকালই টরন্টো রওনা হয়ে গেছেন। এ দলে জনাব শাহ নেওয়াজ ছাড়াও রয়েছেন মোহাম্মদ এরপর ২৬ পৃষ্ঠায়





*নিউইয়র্ক সিটি হলে মেয়র এরিক অ্যাডামসের সংবাদ সম্মেলনের আগে আজান দেওয়া হয় ছবি: মেয়র অফিসের সৌজন্যে*

### প্রতি জুম্মায় ও রমজানে ইফতারের সময়

# মাইকে আজানের অনুমতি

আজকাল রিপোর্ট

নিউইয়র্ক সিটির মসজিদগুলোতে জুম্মার নামাজ ও রমযান মাসে মাগরিবের সময় (ইফতারির আগে) মাইকে আযান দেয়া যাবে। গত মঙ্গলবার মেয়র এরিক এডামস সিটি হলে এক অনাড়ম্বও অনুষ্ঠানে এ ঘোষণা দেন। এর আগে মসজিদে অনুমতি সাপেক্ষে মাইকে আযান প্রচার করা যেত। এখন কোন ধরনের অনুমতির প্রয়োজন হবে না।

মেয়র এডামসের ঘোষণা অনুযায়ী সিটির মসজিদগুলো প্রতি শুক্রবার জু'মা নামাজের আগে এবং প্রতিবছর রমজান মাসে সন্ধ্যায় সুর্যাস্তের সময় মাগরিবের নামাজে লাউডস্পিকারে 'যুক্তিসঙ্গত উচ্চ আওয়াজে' এক থেকে দেড় মিনিটের আজান দিতে পারবে। এজন্য নিউইয়র্ক সিটি পুলিশের নিকট থেকে কোনো পূর্বানুমতি নিতে হবে না।

তিনি বলেন, মুসলিম কমিউনিটি সিটির আইনের কোনো লংঘন না করে নির্ধারিত সময়ে আজান দেওয়ার অনুমতির জন্য এরপর ৪০ পৃষ্ঠায়

### ৮০ শতাংশের অভিমত

## ভুল পথে চলছে নিউইয়র্ক!

আজকাল রিপোর্ট

নিউইয়র্কের স্বতন্ত্র ও দল নিরপেক্ষ শতকরা ৮০ ভাগ ভোটার মনে করছেন নিউইয়র্ক স্টেট ভুল পথে চলছে। ইমিগ্রেশন, আইনশৃংখলা ও জনপ্রতিনিধিদের বিশেষ করে গভর্নর, স্টেট এসেম্বলি সদস্য ও সিনেটরদের কার্যকালের মেয়াদ নির্ধারিত না হওয়া নিয়েই তাদের ক্ষোভ। তারা এতই হতাশ ও ক্ষুব্ধ এরপর ৪০ পৃষ্ঠায়



## নিউইয়র্কে এসাইলাম প্রার্থীদের দ্রুত ওয়ার্ক পারমিট দাবি

আজকাল রিপোর্ট

নিউইয়র্কে এসাইলাম প্রার্থীদের দ্রুত ওয়ার্ক পারমিট প্রদানের দাবী জানিয়েছে নির্বাচিত জনপ্রনিধি ও বিভিন্ন এরপর ৪০ পৃষ্ঠায়

MHC MARKS HOME CARE
'মার্কস্ হোম কেয়ার'-এর বিজ্ঞাপন দেখুন ২ ও ৬৩ পৃষ্ঠায়
সঠিক হোম কেয়ারের সেবা পেতে ফোন করুন-718 697 7717

MORTGAGE MORTGAGE MORTGAGE
PURCHASE OR REFINANCE
Call Nasir Today
TO SEE IF YOU CAN GET PRE APPROVED
917-400-5728
Nasiruddin M Laskar
NMLS ID 1312055


এক্সিডেন্ট কেইসেস
বিনামূল্যে পরামর্শ
কন্সট্রাকশন কাজে দুর্ঘটনা, গাড়ী/বিল্ডিং এ দুর্ঘটনা
হাসপাতালে বিকলাঙ্গ শিশুর জন্য, ফেডারেল ডিসএবিলিটি
কোন অগ্রিম ফি নেয়া হয় না
যোগাযোগঃ
917-282-9256
email: moinlaw@gmail.com
বিস্তারিত দেখুন ১১ নম্বর পৃষ্ঠায়
Moin Choudhury
Attorney at Law

CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
ক্রেডিট লাইনের কারনে বাড়ী-গাড়ী কিনতে পারছেন না?
তাহলে এখনই ঠিক করে নিন আপনার ক্রেডিট লাইন
▪ TAX Liens Charge Offs ▪ Inquiries ▪ Collections
▪ Garnishment ▪ Bankruptcy ▪ Late Payments
Call us 646-775-7008
www.cmscreditsolutions.com
Mohammad A Kashem
Credit Consultant
37-42, 72nd St, Suite#1D, Jackson Heights NY 11372
Email: kashem2003@gmail.com

KARNAFULLY TAX SERVICES INC.
কর্ণফুলী ট্যাক্স সার্ভিসেস
www.karnafullytax.com
ইনকাম ট্যাক্স | কর্পোরেট ট্যাক্স | সেলস ট্যাক্স
পেরোল | বিজনেস সেটআপ
ইমিগ্রেশন | নোটারী পাবলিক
AUTHORIZED IRS e-file PROVIDER
ENROLLED AGENT
Mohammed Hasem, EA, MBA
MBA in Accounting
IRS Enrolled Agent
IRS Certifying Acceptance Agent
PH: 718-205-6040, 718-205-6010
37-20 74th Street, 2nd Floor, Jackson Heights


ইন্স্যুরেন্স! ইন্স্যুরেন্স!!
আমরা ফ্রি কোটেশনের ব্যবস্থা করে থাকি।
সবধরণের গাড়ি, বাড়ি এবং ব্যবসায়িক ইন্স্যুরেন্সসহ
Taxi Limousine Insurance Expert!
212-721-0001
32-47 57TH STREET, WOODSIDE, NY 11377
www.megainsurance.nyc
MEGA insurance BROKERAGE
RAJIB AHMED
President & CEO

BISMILLAH
HALAL LIVE POULTRY MEAT & FISH MARKET
BISMILLAH HALAL LIVE POULTRY MEAT & FISH MARKET
১০টি কালার (কালার চিকেন) চিকেন কিনলে ২টি ফ্রি
(অথবা ৩টি রেড হার্ড চিকেন ফ্রি)
৬টি কালার (রেড/ব্লাক) চিকেন কিনলে ১টি ফ্রি
এখানে বাংলাদেশের সব ধরণের মাছ পাওয়া যায় ৩টি হার্ড চিকেন $14.99
নিউইয়র্ক শরীয়াহ বোর্ড অনুমোদিত SBNY
37-15 55th St. Woodside NY-11377. Phone: 718.205.7200
We accept all major credit cards
ফ্রি ডেলিভারী



MHC

# Marks Home Care
# মার্কস্ হোম কেয়ার



আমরা নূতন গ্রাহক
এবং
এজেন্সী ট্রান্সফার
সাদরে গ্রহণ করছি।

We Welcome
Agency Transfers
and New Clients.

- প্রশিক্ষণ এবং সার্টিফিকেট ছাড়াই উপার্জনের সুযোগ।
- প্রিয়জনের সান্নিধ্যে সর্বোচ্চ স্বাস্থ্যসেবা প্রদান করে প্রতি সপ্তাহে আকর্ষণীয় আয়ের নিশ্চয়তা

FOLLOW US ON
FOR LATEST EVENTS, PRIZES AND GIVEAWAYS

বিস্তারিত জানতে কল করুন
**718-697-7717**
E-mail : info@markshhc.com | www.markshhc.com

## Bronx
1232 Virginia Ave
Bronx, NY 10472

1514 Castle Hill Ave
Bronx, NY 10462

2002 Mcgrow Ave
Bronx, NY 10462

## Brooklyn
413 Bay Ridge Ave
Brooklyn, NY 11220

219 Church Ave
Brooklyn, NY 11218

1122 Coney Island Ave
Suite 220 (2nd fl.)
Brooklyn, NY 11230

1208 Liberty Ave
Brooklyn, NY 11208

1104 Liberty Ave
Brooklyn, NY 11208

## Queens
40-04 Junction Blvd
Corona, NY 11368

37-20 74th Street
Jackson Heights
NY 11372

148-37 Hillside Ave
Jamaica, NY 11435

## Hicksville
217 Bethpage road
Hicksville, NY 11801

## Buffalo
1049 Broadway St.
Suite # 4
Buffalo, NY 14212

## Rochester
504 W Main St
Rochester, NY 14608


★ শেষ পৃষ্ঠার পূর্বের পৃষ্ঠায় আমাদের আরও বিজ্ঞাপন দেখুন। ★

Queens Social Adult Day Care Center Inc

# কুইন্স সোসাল এডাল্ট ডে-কেয়ার সেন্টার ইনক





Captain Mahfuzul Haque

## ব্যক্তিগত পরিচর্যা

আমাদের প্রাথমিক লক্ষ্য গ্রাহককে সাহায্য করা। আমরা গ্রাহকের ব্যক্তিগত চাহিদা সম্পর্কে পরিপূর্ণ পরিচর্যার পরিকল্পনা তৈরী করি। পরিচর্যা পরিকল্পনাসমূহ হচ্ছেঃ

- নাস্তা ও দুপুরের খাবার পরিবেশন (হালাল)
- ফিল্ডট্রিপস (পিকআপ এন্ড ড্রপস)
- ডায়াবেটিক প্রতিরোধক কার্যক্রম
- নিম্নলিখিত সেবাসমূহে আবেদনে সহায়তা (মেডিকেইড, মেডিকেয়ার, ফুড স্ট্যাম্প, এসএসআই, উইক, অক্ষমতা আয়, চাইল্ড সাপোর্ট, নগদ সহায়তা, ভাড়া, এইচইএপি)
- চুলকাটা ও প্রসাধনী সহায়তা
- ওজু ও নামাজের ব্যবস্থা
- টেলিভিশন, ইন্টারনেট ও কম্পিউটার
- ইংরেজী ও কম্পিউটার ক্লাস
- সংগীত চর্চা ও শোনার ব্যবস্থা

### শিক্ষা কার্যক্রম

- কম্পিউটার ও প্রযুক্তি দক্ষতা প্রশিক্ষণ
- গ্রন্থাগার

### শারিরীক স্বাস্থ্য কার্যক্রম

- ইয়োগা, তাইচি, ব্যয়াম ও জিমের ব্যবস্থা
- ফিজিক্যাল থেরাপী

### মানসিক স্বাস্থ্য পরামর্শ

- রিলাক্সেশন স্কিল ট্রেনিং
- পরামর্শ এবং সহায়তা গ্রুপ
- মানসিক স্ট্রেস ম্যানেজমেন্ট

### বিনোদনমূলক কার্যক্রম

- পিকনিক
- যাদুঘর ভ্রমণ
- সমুদ্র সৈকতে পার্টি
- নৌ-ভ্রমণ ও মৎস শিকার

### আধ্যাত্মিক কার্যক্রম

- শান্ত সময়
- ধ্যান

### অবসর কার্যক্রম

- কেরাম বোর্ড
- লুডু
- দাবা
- ধাঁধা
- অধ্যায়ন

We speak
Spanish, Urdu, Hindi & Arabic



আমরা ৭ দিনই খোলা

*For details information please contact*

**ENGINEER MAHFUZUL HAQUE**

*MS in Telecom (Pace University, NY), US Coast Guard Licensed Captain*

**148-41 Hillside Ave, Jamaica, NY 11435**

718-647-4444, 646-591-6782 | info@qsadcc.com | www.qsadcc.com

**1217 Liberty Avenue, Brooklyn, NY 11208**


BEGINNER'S
DRIVING ACADEMY
5 HOURS
PRE
LICENSING
COURSE
OUR SERVICES
Professional Certified Male & Lady Instructor.
Flexible Lesson Timing
Pickup, Drop Off from your Convenient Location
All Types of DMV Express Services
BEGINNER'S
DMV EXPRESS
SERVICE
6 Hours
Defensive
Driving
Course
(DDC)
DMV এর সকল ধরনের জরুরী
সেবা পেতে আজই যোগাযোগ করুন
PLEASE CALL
(929) 244 7730
www.bdacademy.nyc
71-16 35th Avenue,
Jackson Heights, NY 11372.
129-20 Liberty Avenue,
South Richmond Hill, NY 11419.

IFIC

BANGLADESHI IMMIGRANT DAY AND TRADE FAIR 2023

# বাংলাদেশি অভিবাসী দিবস ও বাণিজ্য মেলা ২০২৩

Special ATTRACTION
রেমিট্যান্স ফেয়ার
যুক্তরাষ্ট্র থেকে বাংলাদেশে রেমিট্যান্স প্রবাহ বাড়াতে

FREE ENTRY

**তারিখ: ২২-২৩ সেপ্টেম্বর**

**সময়: সকাল ৯:০০টা থেকে রাত ৮:০০টা**

**New York Hilton Midtown**

1335 6th Ave (Between 53th & 54th st) New York, NY 10019, USA

(এফ ট্রেনে 57th Street, নেমে উপরে উঠলেই হিল্টন মিডটাউন)

অংশগ্রহণ করছে

**বাংলাদেশ ও মার্কিন যুক্তরাষ্ট্রের শতাধিক শীর্ষ উদ্যোক্তা**

- আই টি
- ব্যাংক ও বীমা
- চামড়াজাত দ্রব্য
- পাট ও কুটির শিল্প
- গার্মেন্টস ও বুটিক
- ফার্মাসিউটিক্যালস
- কৃষি ও প্রক্রিয়াজাত খাদ্য
- শাড়ী কাপড় ও গহনা

স্টল বুকিং
+1-347-656-5106
+1-631-933-4618

Title Sponsor: IFIC

Programme Sponsors: Islami Bank Bangladesh Limited; DHAKA BANK LIMITED EXCELLENCE IN BANKING

Associate Sponsors: SIBL; DIAMOND WORLD; BKMEA

Approved by: | In association with FBCCI BUCCI | Organized by: MUKTADHARA NEW YORK INC. | USA-BANGLADESH BUSINESS LINKS

**USA Office:** 37-69, 74th Street, 2nd Floor, Jackson Heights, NY 11372, Cell: 347-656-5106, 0187-6667511, 01713145595

E-mail: usabdbusinesslinks@gmail.com, **Website: www.ubbl.org**

# Golden Age
## Luxery Hall







### আমাদের সেবাসমুহ

- Wedding
- Pre Wedding Event
- Engagement
- Anniversary
- Bridal Showers
- Sweet Sixteen
- Baby Showers
- Birthday Events
- Cocktail Party
- Fundraisers
- Graduations
- Holiday Party
- Corporate Events
- Dinner

এটি একটি বাংলাদেশী মালিকানাধীন প্রতিষ্ঠান
আপনার ছোট বড় যে কোন অনুষ্ঠানের জন্য
বুকিং দিতে এখনই ফোন করুন।

**71-16 35 th Avenue,**
**Jackson Heights, NY 11372**

**Please Call: (929) 244 7730**

# ভারতের চন্দ্র জয় বনাম ধর্মীয় অন্ধবিশ্বাস

> যে ধর্মনিরপেক্ষ দেশের সংসদ ভবনের শিলান্যাস উদ্বোধন যার বাসনায় একটি মাত্র ধর্মের রীতি-আচার মেনে সম্পন্ন হয়, সেখানে বিজ্ঞানের এক সাফল্য স্থল কোনও বৈজ্ঞানিক নামে হবে কেন, সেই ধর্মের কোনও দেবদেবীর নামে হবে তা দেখে বিতর্ক তৈরি হলেও অবাক হওয়ার কিছু নেই। পরিশেষে ল্যান্ডার বিক্রমের সফল অবতরণের জন্য ভারতবাসীর সাথে আমরাও গর্বিত ও আনন্দিত। অভিনন্দন জানাই বিজ্ঞানী ও কলাকুশলীদের। এটা অবশ্যই বিজ্ঞানের অগ্রযাত্রার জয়। ধর্মীয় কুসংস্কারাচ্ছন্ন অন্ধদের গালে চপেটাঘাত। যদিও তারপরও ধর্মকে ভর করে অন্ধত্বের, কুসংস্কারের গানকীর্তন কম হয়নি। অন্ধ, মুর্খ ও কাল্পনিক ধর্ম ব্যবসায়ী সুযোগ সন্ধানীদের স্বার্থবাদিতা ছাপিয়ে বিজ্ঞানের জয়যাত্রা এগিয়ে যাবে এতে সন্দেহের অবকাশ নেই। জয় বিজ্ঞানের জয়, জয় হোক বিজ্ঞানের

### সুব্রত বিশ্বাস



বিজ্ঞান যখন চাঁদে অবতরণ করছে তখন আধ্যাত্মিকতা দাপিয়ে বেড়িয়েছে সমগ্র ভারতে! 'ইসরো'র বিজ্ঞানীদের দীর্ঘ সাধনা ও নিষ্ঠা সাফল্য পেল যখন বুধবার সন্ধায় ল্যান্ডার বিক্রম নির্বিঘ্নে পা রাখলো চাঁদের বুকে। একটা দেশ, যার বিজ্ঞানীরা 'চাঁদে জল আছে' এমন একটা সম্ভাবনার কথা শোনাতে পারে, মহাকাশে মানুষ পাঠানোর মতো সাহস একবার ভেঙে পড়লেও আবার সেখানেই চন্দ্রযান নামানোর ইঙ্গিত দেখাতে পারে, সেখানে সেই দেশেই অভিযানের সাফল্য 'কামনায়' দেশে দিনভর চললো পূজা অর্চনা, আরতি, হোম-যজ্ঞ, গঙ্গাস্নান, দরগায় চাদর দেওয়া থেকে গুরুদ্বারে প্রার্থনা। বিজ্ঞান এবং আধ্যাত্মিকতা, কিংবা আরও স্পষ্ট করে বললে কোনও কোনও ক্ষেত্রে কুসংস্কারের এমন বিপরীতমুখী যুগলবন্দী এদিন প্রত্যক্ষ করলো একবিংশ শতাব্দীর ভারত।

এদিন 'ল্যান্ডার বিক্রম' চাঁদের সবচেয়ে কঠিনতম এলাকা দক্ষিণ মেরু ছুঁতেই সুদূর দক্ষিণ আফ্রিকায় বসে বীর বিক্রমে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী অভিনন্দন জানালেন চন্দ্রযান টিম বিজ্ঞানীদের। তিনি বললেন, 'তারা এই মুহূর্তটির জন্য অপেক্ষা করে বছর ধরে পরিশ্রম করেছেন। ১৪০ কোটি দেশবাসীকে শুভেচ্ছা। ভারতের উদীয়মান ভাগ্যের আহ্বান এই মুহূর্তে। অমৃতকালের আহ্বান। অন্তরীক্ষে নতুন ভারতের উদয়। আমি এখন দক্ষিণ আফ্রিকায়। দেশবাসীর সঙ্গে আমার মনও ওখানেই ছিল।' এই মোদী যিনি এদিন বিজ্ঞানীদের অভিনন্দন জানান সফল চন্দ্রযান অভিযানের জন্য আবার তিনিই কখনও বিজ্ঞানকে তুড়ি মেরে উড়িয়ে দিয়ে দাবী করেন, অঙ্গ প্রতিস্থাপন কিংবা শল্য চিকিৎসার মতো কঠিন কাজ হামেশাই লক্ষ্য করা যেত প্রাচীন ভারতে। কিছু মন্ত্রোচ্চারণ বহু শারীরিক ব্যাধি প্রতিরোধের একমাত্র সমাধান, এমন দাবিও শোনা গেছে তার মুখে। কখনও শুনিয়েছেন রাবনের দশটা মাথা থেকেই রকেট, বিমানের মতো ৮-৯ ধরনের আকাশযানের সূত্র আবিষ্কৃত হয়েছে। আবার করোনার সময় সংক্রমণ নিরসনে গোমূত্র অন্যতম হাতিয়ার বলে জোর প্রচার চালিয়েছিলেন বিজেপি নেতা-মন্ত্রীরা। এর জেরেই দেশের তাবড় তাবড় শিক্ষা প্রতিষ্ঠান প্রধানমন্ত্রী বা বিজেপির সুরেই 'অবৈজ্ঞানিক' কথা বলতে শুরু করে দেয়। গোমূত্রের উপকারিতা নিয়ে গবেষণা করার জন্য সেই সময় আইআইটি দিল্লির কাছে ৫০টিরও বেশি প্রস্তাব জমা দিয়েছিল। ভোপালের বিজেপি সাংসদ সাধ্বী প্রজ্ঞা দাবি করেছিলেন, গোমূত্র পানের পর তার স্তন ক্যান্সার নির্মূল হয়ে গিয়েছে। এরই সঙ্গে কিছু মেকি বিজ্ঞানী আর হোয়াটস অ্যাপ গোষ্ঠী এসবের পেছনে বৈজ্ঞানিক যৌক্তিকতা তুলে ধরে অহরহ তর্কাতর্কিও জুড়ে দেয় সমাজমাধ্যমে। বিজ্ঞান চেতনায় দেশকে এগিয়ে নিয়ে যাওয়ার বদলে পিছনে টেনে ধরা এমন প্রয়াসকে সংগঠিতভাবে মদত জোগানো হয়েছে মোদী তখতে বসার পর থেকেই। ফলে সেখানে উৎসাহ, উদ্দীপনার নামে কয়েকদিন যাবৎ নানা ধরনের ধর্মীয় আচার মেনে বিজ্ঞানের সাফল্য 'কামনা' করা আশ্চর্যের নয় বলেই মনে করছেন অনেকে। তাদের অভিমত বিজ্ঞান এবং অ-বিজ্ঞানের এমন বৈপরীত্যকে সমানতালে উৎসাহ যোগানো চলছে প্রাতিষ্ঠানিক পর্যায় থেকেই।

সেকারণেই এদিন উত্তেজনা, উৎকণ্ঠা নিরসনের দোহাই দিয়ে ল্যান্ডার বিক্রমের নির্ভুল অবতরণের আকাঙ্খায় মথুরার গোবর্ধন মন্দিরে বিশেষ প্রার্থনা যেমন হয়েছে তেমনই মুম্বাইয়ের মাহিমে দরগায় চাদর চড়িয়েছেন ধর্মীয়বিশ্বাসীরা। মথুরা গোবর্ধন মন্দিরে এদিন সকাল থেকে ১১ বার গিরিরাজ চালিশা পাঠের পাশাপাশি ছপ্পন ভোগ বিতরণ করা হয়েছে। কেন্দ্রীয় মন্ত্রী হরদীপ সিং পুরী দিল্লির বাঙলা সাহিব গুরুদ্বারে গিয়ে সকালে বিশেষ প্রার্থনা করেন চন্দ্রযান-৩'র সাফল্য চেয়ে। দেশের বহু স্কুলে, মাদ্রাসায় প্রার্থনায় শামিল করা হয় শিক্ষার্থীদের। দিল্লির সন্ত নগরে বিশাল আয়োজন করেছিল বিশ্ব হিন্দু পরিষদ। বারাণসীতে গঙ্গায় আরতি হয়েছে, বটুক ভৈরব মন্দিরে বিশেষ 'নবগ্রহ' পুজো পর্যন্ত হয়েছে। এলাহাবাদের মঠ, মন্দিরে সারাদিন ধরে চলেছে হোম-যজ্ঞ, প্রার্থনা। লক্ষ্ণৌয়ের এক দরগায় ইসরোর বিজ্ঞানীদের সাফল্যে বিশেষ প্রার্থনার আয়োজন করা হয়েছিল। ওড়িশ্যার বিভিন্ন জগন্নাথ মন্দিরে এদিন বিশেষ পুজোর আয়োজন করা হয়। পশ্চিমবঙ্গের বহু জায়গায় প্রার্থনা, যজ্ঞের ব্যবস্থা করা হয়েছিল। ভাস্কর মিশ্র নামের এক গবেষকের দাবি, 'জগন্নাথ বিশ্বের প্রধান বলে পুজিত হন সর্বত্র। ফলে তার আশীর্বাদ অত্যন্ত জরুরী ছিল বিক্রমের সফল অবতরণের জন্য। কেননা 'ভগবান জগন্নাথের হয়েই সাফল্যের প্রার্থনা।




এদিকে বুধবার সন্ধ্যায় যখন চন্দ্রযান-৩'র ল্যান্ডার বিক্রম চাঁদের মাটিতে তখন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বিদেশে। তিনি শনিবার সাতসকালে গ্রীস থেকে ফিরেই ইসরোর দপ্তরে ছুটে যান। এত বড় সাফল্য, কৃতিত্বের পুরোটাই বিজ্ঞানীদের দিকে গেলে কি চলবে! ভোট রাজনীতির প্রধান হাতিয়ার এখন চন্দ্রযান-৩। চন্দ্রজয়ের কৃতিত্ব যে তিনি নেবেন, তা স্পষ্ট হয়ে যায় আগেই। তাই সাতসকালেই রীতিমতো রোড শো করে ইসরোর সদর দপ্তরে পৌঁছে যান। সাফল্যকে বিদেশের মাটিতে দাঁড়িয়ে 'বিজ্ঞানের জয়' বলার মহানুভবতা দেখা গেলেও দেশে ফিরতেই ভোট বাজারে সেই 'বড় মন' কুঁকড়ে গিয়ে ঢুকে পড়লো ধর্মের দামামা বাজানো গতানুগতিক অন্ধকূপে। ইসরোর ঘর ভর্তি প্রবাদপ্রতিম বিজ্ঞানীদের শ্রদ্ধার্ঘ্য নয়, তাদের সামনে তাই 'গণেশের প্লাস্টিক সার্জারির' মতো অদ্ভুত দাবি করে ঘোষণা করেন তৃতীয় চন্দ্রযানের

এরপর ৪৪ পৃষ্ঠায়

# ভারতের চন্দ্রাভিযান ও প্রাসঙ্গিক ভাবনা

### শাহাবউদ্দীন



গত ১৫ই আগস্ট ছিল ভারতের ৭৬তম স্বাধীনতা দিবস। তাদের এই স্বাধীনতার মাসেই এক সাফল্যের খবরে উদ্বেলিত হয়ে উঠল সারা দেশ। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী তখন দক্ষিণ আফ্রিকায় ব্রিকসের সম্মেলনের জন্য অবস্থান করছিলেন। সেখানেই খবর এলো ভারতীয়দের চন্দ্র জয়ের। যুক্তরাষ্ট্র, চীন ও রাশিয়ার পর চতুর্থ দেশ হিসেবে ভারতের চন্দ্রে অবতরণ। ১৪ জুলাই অন্ধ্র প্রদেশের শ্রীহরিকোটা উৎক্ষেপন কেন্দ্র থেকে যাত্রা শুরু করেছিল চন্দ্রযান-৩। চাঁদের মাটি স্পর্শ করার সেই মুহূর্তে বেঙ্গালুরু 'ইসরো' সদর দফতর থেকে বিজ্ঞানীরা এবং দক্ষিণ আফ্রিকা থেকে ভারতের প্রধানমন্ত্রী সহ সমগ্র ভারতবাসী এবং বিশ্বের কোটি কোটি মানুষ চন্দ্রযানের চাঁদে অবতরণ অবলোকন করেন। অভিবাদন ভারতের সরকার, বৈজ্ঞানিক এবং সংশ্লিষ্ট কলাকুশলি সহ ভারতীয়দের। পৃথিবীর বুকে নিঃসন্দেহে এটি একটি গর্বের সংযোজন। চার বছর পূর্বে চন্দ্রযান-২ ব্যর্থ হওয়ায় সবার মধ্যে কিছুটা হতাশা এসেছিল। কিন্তু এবার সবার মনোবল ফিরিয়ে এনেছে 'ইসরো'। সম্পূর্ণ নিজস্বভাবে তৈরি, নিজেদের লোকবল, মিশন পরিচালনার দায়িত্ব, নিজেদের প্রতিষ্ঠান 'ইসরো' এবং সরকারের ৮০০ কোটি টাকা বাজেট নিয়ে বিজ্ঞানীরা কাজ শুরু করেন। সবকিছু সম্পূর্ণ নিজেদের তত্ত্বাবধানে হওয়ার কারণে কম খরচে মাত্র ৫৭০ কোটি টাকা ব্যয়ে এ অভিযান তারা সফল করেছেন। নিখুতভাবে চাঁদের দক্ষিণ মেরুতে তাদেও চন্দ্রযান অবতরণ করেছে। যা সমগ্র ভারতে খুশির বন্যা বইয়ে দেয়। আমেরিকার একজন ভারতীয় বংশোদ্ভুত নভোচারী মহিলা কল্পনা চাওলা নাসার কাজ করতে গিয়ে কয়েক বছর আগে মারা যান। তিনি বেঁচে থাকলে আজকের দিনে অত্যন্ত খুশি হতেন। ভারতের এই চন্দ্রাভিযানের ৮ জন বিজ্ঞানী মধ্যে ২ জন ছিলেন নারী। প্রধান বিজ্ঞানী ছিলেন জি, সোমনাথ, যিনি হায়দরাবাদ, বেঙ্গালুরু সহ বিভিন্ স্কুল, কলেজে লেখাপড়া করেই গড়ে উঠেছেন। দেশপ্রেমে উদ্বুদ্ধ এই টিম নিশ্চয়ই প্রশংসা পাওয়ার দাবি রাখে। বলার অপেক্ষা রাখে না যে, আগামী বিশ্ব বিজ্ঞান ও প্রযুক্তি নির্ভর হবে। যে দেশ যত উন্নত হবে সেই দেশই বিশ্ব নেতৃত্ব দিবে। সে দিক থেকে হাটি হাটি পা পা করে ভারত অনেক এগিয়ে যাচ্ছে। নিজেদের দক্ষ জনবল গড়তে ১২ হাজার কোটি টাকা ব্যয়ে তাদের নিজস্ব বিজ্ঞান ও প্রযুক্তি প্রতিষ্ঠান ইসরো গড়ে তুলে এগিয়ে যাচ্ছে। বন্ধুপ্রতিম দেশ হিসেবে আমরাও গর্ববোধ করি এবং তাদেরকে জানাই নিরন্তর শুভ কামনা।

এখন কথা হলো, ভারত চাঁদে যায়। ভারত পারমাণবিক ক্ষমতাধর আধুনিক অস্ত্রে সজ্জিত একটি ক্ষমতাবান রাষ্ট্র। বিশ্বের পরাশক্তি রাষ্ট্রের সাথে পাল্লা দিয়ে বিজ্ঞান ও প্রযুক্তি খাটিয়ে মারণাস্ত্র তৈরি করার এক অসম প্রতিযোগিতায় লিপ্ত। যে দেশের লোকের মাথাপিছু আয় বাংলাদেশের চেয়েও কম, পরিবেশ দূষনের ক্ষেত্রে দিল্লি সহ কয়েকটি শহর অনেকটা বসবাসের অযোগ্য। ১৪০ কোটি মানুষের দেশের জনগণের অর্ধেকের চেয়ে বেশি লোকের উপযুক্ত টয়লেটের ব্যবস্থা নেই। খাদ্যের অভাব অনাহার অর্ধাহারে মানুষ মারা যাচ্ছে। খোলা আকাশের নীচে মানুষ দিনাতিপাত করে, রোগেশোকে মানুষ চিকিৎসার অভাবে মারা যায়। পরিবারের একজন বিদেশ থাকলে ১০ জনকে পুষতে হয়। এমন একটি দেশের জনগণ নিত্যদিনের বাঁচামরার সমস্যা সমাধানকেও চাঁদে যাওয়ার মতো গুরুত্ব দিতয়ে বিচেনা করা উচিত। ভাবতে হবে মার্কিনীরা ৫৫ বছর আগে চাঁদে গিয়েছে। অনেকের যাওয়ার চেষ্টা অব্যাহত আছে। কিন্তু আমরা এর মাধ্যমে সমাজ ও জাতিকে কতটুকু দিতে পেরেছি? পশ্চিমাদের মতো বিজ্ঞান ও প্রযুক্তিকে মানুষ ধ্বংসের নেশায় ব্যবহার না করে মানুষের বাঁচার জন্য বিজ্ঞান ও প্রযুক্তির নিত্যদিনের ব্যবহার করা উচিৎ। মনে রাখতে হবে মানুষের জীবন আগে, অসম প্রতিযোগিতা আর বিলাসিতা নয়। এই সুন্দর পৃথিবী ও মানবজাতির ধ্বংস ও শক্তি প্রদর্শনের জন্য যুদ্ধাস্ত্র বানানোর কাজে যে পরিমাণ অর্থ উন্নত দেশগুলো ব্যয় করে তার চার ভাগের এক ভাগও পৃথিবীর ক্ষুধা, দারিদ্র মরণব্যাধি রোগ নিবারণ বা মানব কল্যাণের কাজে ব্যবহার হয় না। আমরা সবাই মরণ নেশায় মত্ত। এখানে লক্ষণীয় যে ভারতের মতো অসাম্প্রদায়িক চেতনার দেশে আরএসএসের আশির্বাদপুষ্ট হিন্দু মৌলবাদী সংগঠন বিজেপি, দীর্ঘদিন থেকে ক্ষমতায়। কিন্তু কর্ম বিকাশের সাথে কোন সংযোগ নেই। জ্ঞান বিজ্ঞানের দ্বারা মানুষের কল্যাণ সাধিত হচ্ছে। বিজ্ঞান ছাড়া আমাদের প্রাত্যহিক জীবন অসম্ভব। বিজ্ঞান মানুষের অন্ধত্ব থেকে ভিতরের চোখ খুলে দেয়। বিজ্ঞানের উৎকর্ষের দ্বারা আমরা উপকৃত হই। কিন্তুতা না দেখে পরকালের বিশ্বাসকেই মেনে নিয়ে মানুষ অন্ধভাবে ধর্ম চর্চা করে। হিন্দু, মুসলিম, বৌদ্ধ, খ্রিস্টান সব ধর্মের লোকেরাই ধর্মচর্চা ও পরকাল নিয়ে ব্যস্ত। সুতরাং সে ক্ষেত্রে কে চাঁদে গেল বা পাতালে গেল সেটা এই বৃহত্তর জনগোষ্ঠীর কাছে গৌণ। বিশেষ করে ভারতের মৌলবাদী সংগঠন বিজেপির শাসনামলে ভারতের ক্ষুদ্র জাতিসত্ত্বাহরণ, দলিতশ্রেণী, বৌদ্ধ,খ্রিস্টান ও মুসলিম সংখ্যালঘু সম্প্রদায়ের উপর নির্যাতন , কাশ্মীর, মণিপুর, নাগাল্যান্ড, হায়দারাবাদ, গুজরাট, পাঞ্জাব, উড়িস্যা, হরিয়ানা, রাজস্থান সহ বহু প্রদেশে রক্তগঙ্গা বইছে। এইসব জাতিসত্তার আন্দোলনকে নস্যাত করতে ভারতের মৌলবাদী সরকার হিন্দুত্ববাদী মিলিশিয়া বাহিনী গঠন করে এই সংখ্যালঘুদের নিঃশেষ করার জন্য বিপুল অর্থ ব্যয় করছে। সংখ্যাগরিষ্ঠ হিন্দু মৌলবাদীদের হাত থেকে রক্ষা পাওয়ার জন্য বিভিন্ন জাতি গোষ্ঠী আর্তনাদ করছে। ইদানিং

এরপর ১৮ পৃষ্ঠায়



> বাংলাদেশের প্রতি ভারতের এই ধরনের মনোভাবে দেশের জনগণও ক্ষুব্ধ। আমরা চাই বন্ধুপ্রতিম গণতান্ত্রিক দেশ হিসেবে ভারত বিশ্বের বুকে এগিয়ে চলুক। এদিকে ছোট দেশ হলেও রক্তে কেনা আমাদের স্বাধীনতা। অনেক কষ্টে গড়ে ওঠা দেশের অর্থনীতির ভিত ও রাজনৈতিক মূল্যবোধ। আমাদের জাতীয় চেতনা, ঐতিহ্য, কৃষ্টি নিয়ে আমাদেরও মেরুদন্ড সোজা করে দাঁড়াতে হবে। সেখানে কৌশলে যদি কেউ আমাদের দাবিয়ে রাখতে চায় তা দেশের জনগণ মেনে নেবে না। সুতরাং পারমাণবিক শক্তিধর ও চন্দ্রবিজয়ী, বিজ্ঞান ও প্রযুক্তিতে উন্নত ভারত রাষ্ট্রের নেতৃত্বকে এই জায়গাগুলোকে ভালোভাবে খেয়াল রাখতে হবে এবং মানবিক, ঐক্যবদ্ধ, পারস্পরিক মর্যাদা সম্পন্ন, সুন্দর পৃথিবী গড়ায় এগিয়ে যাবে সেটাই প্রত্যাশা

# ব্রিকসে বাংলাদেশের যোগ দেয়া, না দেয়া

ড. মো. মিজানুর রহমান

'ব্রিকস' উদীয়মান অর্থনীতির পাঁচটি দেশ- ব্রাজিল, রাশিয়া, ভারত, চীন ও দক্ষিণ আফ্রিকার গঠিত একটি জোট। এই জোটভুক্ত দেশগুলোর জনসংখ্যা-আয়তন এবং অর্থনৈতিক প্রবৃদ্ধির পাশাপাশি আঞ্চলিক ও আন্তর্জাতিক বিষয়ে বিশ্বে বেশ প্রভাব রয়েছে। ২০০৯ সালে প্রতিষ্ঠাকাল থেকে দ্রুত অর্থনৈতিক বিকাশের আশা করলেও ব্রিকস এখনো পশ্চিমা-নিয়ন্ত্রিত বৈশ্বিক আর্থিক প্রতিষ্ঠানের বাইরে একটি পৃথক কূটনৈতিক ফোরাম ও উন্নয়ন অর্থায়ন নিয়ে ভাবছে। ব্রিকসের মূল লক্ষ্য নিজেদের মধ্যে ব্যবসা-বাণিজ্য ও বিনিয়োগ বাড়ানো হলেও এর রয়েছে রাজনৈতিক অভিলাষ।

ব্রিকসে বাংলাদেশসহ আরো ১৯টি দেশ যোগ দিতে আবেদন করেছে। বাংলাদেশের আবেদন এমন সময় হয়েছে যখন আন্তর্জাতিক পরিমণ্ডলে দেশটি বেশ আলোচিত। বাংলাদেশের স্বাধীনতায় ব্রিকসের সদস্য দেশ ভারতের প্রত্যক্ষ এবং রাশিয়ার পরোক্ষ ভূমিকা ছিল। সময়ের ব্যবধানে বাংলাদেশ আমেরিকার নেতৃত্বে পশ্চিমের দিকে ঝুঁকে পড়ে। ইদানীং অবশ্য পশ্চিমাদের সাথে বর্তমান সরকারের মন কষাকষি চলছে। এর মধ্যে বাংলাদেশ কেন ব্রিকসে যোগ দিতে চায় সে বিষয়টি পরিষ্কার নয়। তবে হতে পারে যুক্তরাষ্ট্রের কারণে অনেক বহুপক্ষীয় ব্যবস্থা কার্যকর নেই। ফলে স্বল্পোন্নত ও কম উন্নত দেশগুলোর আর্থসামাজিক ও জলবায়ু পরিবর্তন সম্পর্কিত অধিকার আদায়েও এটা খুব প্রয়োজনীয়। আবার দক্ষিণীয় জোটবদ্ধতার মাধ্যমে উন্নয়নশীল দেশগুলোর ভূমিকা বাড়ানোর চেষ্টার অংশও হতে পারে।

উল্লেখ্য যে, বাংলাদেশ সার্ক, বিমসটেক, ডি-৮-এর মতো জোটে আছে। তবে এ জোটে থাকায় তেমন লাভ হয়েছে বলে মনে হয় না। ব্রিকসের সদস্য দেশ ভারত এবং চীন বাংলাদেশের আমদানির অংশীদার। কিন্তু এ দেশ দুটি থেকে আমাদের রেমিট্যান্সও আসে না, তেমন রফতানি বাণিজ্য হয় না। বৈদেশিক সহযোগিতাও তেমন নয়। ব্রিকসের বাকি তিনটি দেশের মধ্যে ব্রাজিল, দক্ষিণ আফ্রিকার সাথে আমাদের ব্যবসা-বাণিজ্য, রফতানি, আমদানি এবং রেমিট্যান্স ইত্যাদি বিষয়ে তেমন সম্পর্ক নেই। রাশিয়া অবশ্য রূপপুর পারমাণবিক কেন্দ্র স্থাপন করছে, তবে তা যতটা না আমাদের সহযোগিতার জন্য তার চেয়ে মস্কোর স্বার্থে। এক কথায় বর্তমান ব্রিকসভুক্ত দেশগুলোর সাথে বাংলাদেশের তেমন কোনো অর্থনৈতিক সম্পর্ক নেই যেমনটা ব্রিকস বিরোধী আমেরিকার নেতৃত্বে পশ্চিমা জোটের সাথে রয়েছে।

অন্যদিকে, জি-৭ বাদ দিলে পৃথিবীতে কার্যকরভাবে যে জোট কাজ করছে, সেটি জি-২০। বাকিগুলো আড়ম্বরপূর্ণ সভা-সমাবেশের মধ্যে সীমাবদ্ধ। সুতরাং বাংলাদেশ ব্রিকসে যেতে চাওয়ার আসল উদ্দেশ্য অর্থনৈতিক বলে মনে হয় না। সুতরাং ব্রিকসে যোগ দেয়ার আগে ঢাকাকে ভাবতে হবে যে, ব্রিকসের এখন পর্যন্ত অগ্রগতি কতটা এবং অর্জনের সম্ভাবনাই বা কতটা। কারণ, একদিকে তারা চায় চলমান বৈশ্বিক ব্যবস্থার সংস্কার, যেখানে দক্ষিণের কণ্ঠস্বর জোরদার হবে: একই সময়ে বিকল্পও চায়। কিন্তু বিকল্প করতে যে সামর্থ্য, শক্তি, সিদ্ধান্ত দরকার, সেটা ভারত, চীন, রাশিয়ার নেই। আবার ব্রাজিল কিংবা দক্ষিণ আফ্রিকায় সরকার পরিবর্তন হলে তাদের চিন্তায় পরিবর্তন ঘটে। এদের কারো আকাঙ্ক্ষা জাতিসংঘ নিরাপত্তা পরিষদের সদস্য হওয়া। অর্থাৎ তারা উত্তরের অংশ হতে চাইছে। তা-ই যদি হয়, তাহলে প্রশ্ন ওঠে, এখানে ছোটদের ব্যবহার করা হচ্ছে কি না?



আগেই বলেছি, ব্রিকস তারা বলে মূলত বাণিজ্য জোট। তবে জোটের সদস্য ভারত বৃহত্তর গণতান্ত্রিক দেশের নামে কট্টর সাম্প্রদায়িক এবং অর্থনৈতিক বৈষম্যের দেশ। অন্যদিকে চীন সমাজতান্ত্রিক দেশ, যেখানে গণতন্ত্রের ছিটেফোঁটাও নাই। ব্রাজিলের প্রেসিডেন্ট লুলা দা সিলভার বামপন্থী নেতা যার রাজনৈতিক চরিত্র নিয়েও অনেকে কথা বলেন।

করোনা অতিমারীর সময় বড় দেশগুলোর প্রতি ভিন্ন ধরনের উপলব্ধি হয়েছে ছোট দেশগুলোর। উন্নত দেশগুলোর অপরাজেয় ইমেজে দাগ লেগেছে। বিকাশমান অর্থনীতির দেশগুলো রাজনৈতিক প্রতিষ্ঠানকে আরো শক্তিশালী করতে চাইছে। পশ্চিমা দেশগুলোর বিপক্ষে বিকল্প মুদ্রা খুঁজছে, বিকল্প বাণিজ্যব্যবস্থার দিকে ঝুঁকছে। তবে অর্থনৈতিক প্রত্যাশার দিক থেকে তারা একদিকে এগোলেও তাদের রাজনৈতিক ও ভূকৌশলগত অবস্থান বিপরীতমুখী। ফলে অর্থনৈতিক যে সম্ভাবনা রয়েছে, তা অর্জন করা তাদের জন্য কষ্টকর হয়ে যাচ্ছে।

এক কথায় ব্রিকসের সাফল্যের জায়গাটা বাণিজ্যে না, বিনিয়োগে না, প্রযুক্তি হস্তান্তরে না বরং রাজনৈতিক। কোনো অর্থনৈতিক সুবিধা না থাকার পরও বাংলাদেশের ব্রিকসে যোগ দিতে চাওয়া বাহ্যত রাজনৈতিক মনে হচ্ছে। তবে উন্নয়নের অর্থায়নেও হতে পারে, কারণ ব্রিকস নতুন উন্নয়ন ব্যাংক করেছে এবং বাংলাদেশ তার সদস্য। স্মরণযোগ্য, ভারত ও চীনের সাথে বাংলাদেশের আমদানির সম্পর্ক। অন্যদিকে, যুক্তরাষ্ট্র ও ইউরোপীয় ইউনিয়ন বাংলাদেশের বাজার এবং এ বাজার আমাদের জন্য বিশেষ সুবিধার। বিনিয়োগ, রেমিট্যান্সের ক্ষেত্রেও তারা বড় ভূমিকা পালন করে। তাই রাজনৈতিক বলি, প্রাতিষ্ঠানিক বলি, উন্নয়ন মাপকাঠিতে বলি, পশ্চিমাদের সাথে আমাদের সম্পর্ক একটি বিশেষ পর্যায়ে রয়েছে।

বর্তমান সরকার পশ্চিমা বিশ্বের দিক থেকে রাজনৈতিক, গণতান্ত্রিক, মানবাধিকার এবং নির্বাচনের প্রশ্নে চাপের মধ্যে রয়েছে: বলতে গেলে সাংঘর্ষিক

এরপর ৪৪ পৃষ্ঠায়




বাংলাদেশ ইতোমধ্যে চীনবিরোধী পশ্চিমাদের জোটে যোগ না দিয়ে 'ধরি মাছ না ছুঁই পানি' করে এড়িয়ে গেছে, সামলিয়েছে। ব্রিকসে যোগ দেয়ার ক্ষেত্রেও বোধ করি তেমনিভাবে সময় নিয়ে 'অপেক্ষা করি এবং দেখি' নীতিতে আগানো প্রয়োজন। ভালো সিদ্ধান্ত হবে, কৌশলগত অংশগ্রহণ এবং একই সাথে কৌশলগত দূরত্বও বজায় রাখা। অর্থাৎ সবার সাথে বন্ধুত্ব, কারো সাথে শত্রুতা নয়। বিশেষ করে, দেশ যখন একটা অনিশ্চিত নির্বাচনী পরিবেশে ঢুকছে, একটা রাজনৈতিক উত্তরণের দিকে যাচ্ছে, সেক্ষেত্রে এ ধরনের কুশলী আচরণ আরো বেশি চ্যালেঞ্জিং হয়ে যায়। তার জন্য সময় ও মেধা খরচ করে সিদ্ধান্ত নিতে হবে। কোনোক্রমে ভুল করা যাবে না। কারণ এর ওপর নির্ভর করবে বাংলাদেশের ভবিষ্যৎ

# একজন পুতিন ও রাশিয়ার জনগণ

এন এস এম মঈনুল হাসান সজল

পাশ্চাত্যে গণতন্ত্র, মানবাধিকারের বিষয়ে কথা বলা প্রতিষ্ঠান, আইন ও রীতিনীতি আছে। চীন ও রুশ রাষ্ট্রে আভ্যন্তরঢ় মানবাধিকার ও গণতন্ত্র প্রায় অনুপস্থিত। এই রাষ্ট্র দুটিতে জাতীয় ও আন্তর্জাতিক মানবাধিকারকে তেমনভাবে গুরুত্ব দেয়া হয় না। সামরিক সম্ভার, জ্বালানি এবং সামরিক সক্ষমতা ছাড়া রাশিয়া বৈশ্বিক রাজনীতিতে অপাংক্তেয় হয়ে আছে। চীন পৃথিবীকে দিচ্ছে অপ্রয়োজনীয় একবার ব্যবহার্য সস্তা বর্জ্য। এরা আগামী দুনিয়ার জন্য পরিবেশ দূষণ, পেটেন্ট চুরি আর সামন্তচক্র সৃষ্টির সাথে কমিউনিজমের বিপ্লবী গণহত্যার রেজিম সৃষ্টি করছে। পুতিনের দানবীয় ভাবমূর্তির কারণে কোনো দেশই তাঁর উপস্থিতিকে স্বাগত জানাতে পারছে না। এ ধরনের পরিস্থিতির মুখে আগামী অক্টোবরে তাঁর বেইজিং সফরে যাওয়ার কথা। লক্ষ্য করার বিষয় সেখানে পুতিন কিভাবে সমাদৃত হন!

ভিমা চেরনুকা নামের সব হারানো এক নারী প্রতি ভোরে দিন শুরু করেন উত্তর-পূর্ব ইউক্রেনের একটি গ্রামে তার নিজের বাড়ির ধ্বংসাবশেষের ওপর দাঁড়িয়ে পুতিনকে অভিসম্পাত করে। তিনি দেখে যেতে চান একটা কফিনে আটকানো অবস্থায় যন্ত্রণাকাতর পুতিনকে, অনন্তকাল দোজখের সাজা পাওয়া পুতিনকে।তিনি দেখে যেতে চান, গণহারে শিশু অপহরণের অভিযোগে আন্তর্জাতিক অপরাধ আদালত (আইসিসি) পুতিনকে গ্রেপ্তার করতে চায়। এ তথ্য সংগৃহীত গার্ডিয়ান-এর কলাম থেকে।



পুতিনের বিরোধিতা করেছিলেন রাশিয়ার বিরোধী নেতা আলেক্সি নাভালিন। এখন প্রতিদিন তাঁকে জেলে পুতিনের একটি ভাষণ জোর করে শোনানো হচ্ছে। এখন পর্যন্ত চার মাসের বেশি হয়ে গেছে, তবু পুতিনের ভাষণের সেই রেকর্ড তাঁকে শোনানো বন্ধ করা হচ্ছে না। প্রায় দেড় বছর ধরে ইউক্রেনে অভিযান চালিয়ে পুতিন এক মহাবিপর্যয়কর পৃথিবী তৈরি করেছেন। হয়েছেন ঘৃণীত। পড়েছেন উপহাসের মুখে। নিজের সৃষ্ট দুর্দশার বিষয়ে উদাসীন, প্রাচ্যু রূপকথার ভূত-প্রেত বা দৈত্যের মতো কর্মকাণ্ড তাঁকে 'বৈশ্বিক ভূত'-এ পরিণত করেছে। বলা যায়, এডলফ হিটলার বা জোসেফ স্তালিন পরবর্তী নিকৃষ্টতম ও বিপজ্জনক নেতা হিসাবে যে নামটি মানুষ স্মরণ করবে তিনি ভ্লাদিমির পুতিন।

সোভিয়েত ইউনিয়নের পতনের পর দুই যুগ ধরে গোয়েন্দা সংস্থা-কেজিবির প্রধান থেকে রাশিয়ার শীর্ষ ক্ষমতাধর ব্যক্তি ভ্লাদিমির পুতিন। নিজ দেশে ক্ষমতা ধরে রাখা ছাড়াও সিরিয়া, ইরান, লিবিয়াসহ বৈশ্বিক অনেক ইস্যুতে রাশিয়ার মোড়লিপনায় সরব তিনি। বদলিয়াছেন মধ্যপ্রাচ্যের হিসাব নিকাশও। এমনকি আমেরিকা ও উত্তর আটলান্টিক নিরাপত্তা জোট-ন্যাটোর চোখ রাঙানিকে তোয়াক্কা করেননি। স্বৈরশাসক ও আগ্রাসী একনায়ক পুতিন এবং তার রাশিয়া, বিরোধীদের দমনে কঠোর পদক্ষেপ ও রুশপন্থিদের রক্ষায় প্রতিবেশি জর্জিয়া ও ইউক্রেনের ক্রিমিয়া অঞ্চল দখলে নেওয়ার আগে থেকেই নানান আন্তর্জাতিক নিষেধাজ্ঞার মুখোমুখি। সর্বশেষ ইউক্রেনে আক্রমণকে বিরোধীরা দেখছেন পুতিনের সম্প্রসারণবাদ নীতিরই প্রতিচ্ছবি হিসেবে। এ ঘটনায় রাশিয়ায় বিক্ষোভ করায় অন্তত দেড় হাজার মানুষকে গ্রেপ্তার করা হয়েছে। যদিও ইউক্রেন আক্রমণকে রাশিয়ার নিরাপত্তা ইস্যুকে অজুহাত হিসেবে দাঁড় করিয়েছেন স্বৈরাচারী, একনায়ক, প্রচণ্ড ক্ষমতালিপ্সু পুতিন।

পুতিন ২০১৫ সালে একবার বলেছিলেন, '৫০ বছর আগে লেনিনগ্রাদের রাস্তা আমাকে একটি নিয়ম শিখিয়েছিল। আর সেই নিয়মটি হলো, লড়াই যদি অনিবার্য হয়, তবে প্রথম ঘুষিটি আপনাকেই ছুড়তে হবে।' ভ্লাদিমির পুতিনের প্রথম যুদ্ধটি ছিল একটি ধেড়ে ইঁদুরের বিরুদ্ধে। সেটা সোভিয়েত আমলে অন্ধকার ঘিরে থাকা তার ছেলেবেলার কথা। জর্দু-স্যাঁতসেঁতে অ্যাপার্টমেন্ট ব্লকের বাড়ির করিডরে ইঁদুরটি তাকে আক্রমণ করেছিল। এখনও সেই গল্পের খুঁটিনাটি টেনে এনে নিজের জয়ের কথা শোনান পুতিন। সম্ভবত তিনি দ্বিতীয় বিশ্বযুদ্ধোত্তর ভগ্নদশা এবং দারিদ্র্যকে জয় করে সফল হওয়ার সূত্র জানাতেও গল্পটি ব্যবহার করেন। ২০০০ সালে প্রকাশিত 'ইন ফার্স্ট পারসন: অ্যান অ্যাস্টোনিশিংলি ফ্র্যাঙ্ক সেলফ-পোর্ট্রেট' বইয়ে তিনি লিখেছেন, 'ঘরের সামনের প্রবেশপথেই ছোটাছুটি করত ইঁদুরের দল। আমি এবং আমার বন্ধুরা লাঠি নিয়ে ওদের তাড়া করতাম। একবার আমার চোখে পড়ে বিশালাকার এক ইঁদুর। সেটিকে তাড়া করে হলরুমের এক কোণে নিয়ে যাই। ইঁদুরটির পালানোর আর কোনো পথ ছিল না। হঠাৎ সেটি চক্কর খেয়ে আমার দিকে লাফ দেয়। আমি হতভম্ব ও ভয় পেয়ে যাই। ইঁদুরটি এখন পাল্টা আমায় তাড়া করছে! সৌভাগ্যক্রমে আমি ওর চেয়ে দ্রুত ছুটেছিলাম এবং একদম ওর নাকের ডগায় দরজাটি বন্ধ করতে পেরেছিলাম। সেখানে, সেই সিঁড়ির গোড়ায় আমি সেদিন 'কোণঠাসা' শব্দের তাৎক্ষণিক ও প্রকৃত অর্থ শিখে নিতে পেরেছিলাম।' গল্পটি হয়তো তার সযত্নে লালিত আখ্যানগুলোর অংশ। তবে এটি আমাদের এমন একজন ব্যক্তির গড়ে ওঠার পর্যায়ের আভাস দেয়, যিনি এখন বিশ্বকে একটি রুদ্ধশ্বাস পরিস্থিতিতে (ইউক্রেন ইস্যু) রেখেছেন।

বিশ্ব রাজনীতি বদলে যায় ১৯৯১ সালে সোভিয়েত ইউনিয়নের পতনের পর। বরিস ইয়েলৎসিন হাল ধরেন সদ্য জন্ম নেওয়া রাশিয়া ফেডারেশনের। সেসময় তিনি পুতিনকে কেন্দ্রীয় নিরাপত্তা সার্ভিসের প্রধান নিযুক্ত করেন। ১৯৯২ সালে সোভিয়েত ইউনিয়ন ভেঙে পড়ার পর পুতিন কেজিবি ত্যাগ করেন। কিন্তু দ্রুতই আজ যেটি সেন্ট পিটার্সবার্গ সেই শহরের সংস্কারপন্থী নতুন মেয়রের একজন সহায়তাকারী হিসেবে একটি কাজ জুটিয়ে ফেলেন। দেশটির অর্থনীতিতে তখন ধস চলছিল। পুতিনের উপর দায়িত্ব পড়েছিল শহরের জনগণকে সাহায্য করার জন্য একশ মিলিয়ন ডলার মূল্যের তেল এবং ধাতব পদার্থের বিনিময়ে খাদ্যের ব্যবস্থা করা। বাস্তবে কেউ কখনো কোনও খাবার দেখেনি। তবে একটি তদন্ত অনুযায়ী, যেটি খুব দ্রুতই চাপা দেওয়া হয়, পুতিন, তার বন্ধুরা এবং শহরের গ্যাংস্টাররা টাকাটা নিজেদের পকেটে পুরেছিলেন। 'উত্তাল নব্বই'-এর সেই দশকে পুতিন শিখে গিয়েছিলেন যে রাজনৈতিক প্রভাব এমন একটি পণ্য যা টাকায় রূপান্তর করা যায়, এবং গ্যাংস্টারেরা দরকারের সময় মিত্র হতে পারে (বিবিসি নিউজ-এর তথ্য)।

এরপর ৪৪ পৃষ্ঠায়



# বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট

# BANGLA TRAVELS
## JACKSON HEIGHTS NEW YORK

আমরা বিভিন্ন এয়ার লাইন্সের স্টক হোল্ডার



Mohammad B Hossain (Belal)
President & CEO

সবচেয়ে কমদামের গ্যারান্টি আমরাই দিচ্ছি

**৭৪৯+**
JFK-Dhaka-JFK Return

আমরা IATA অনুমোদিত

আমরা ARC অনুমোদিত





আমাদের কাছে পাবেন ওমরাহ প্যাকেজ
ওমরাহ ভিসা - এয়ার টিকেট - হোটেল

মক্কা ও মদিনায় আমাদের
আছে অভিজ্ঞ মোয়াল্লেম

Saudi Arabian Airlines

DELTA AIR LINES · Biman Bangladesh Airlines · American Airlines · ETIHAD AIRWAYS · Emirates · QATAR AIRWAYS · KUWAIT AIRWAYS




## দেশে যাওয়ার পথে কম খরচে ওমরাহ করে যেতে পারেন

বাংলাদেশ থেকে আসার টিকেট
সবচেয়ে কম দামে
আমাদের কাছেই পাবেন।

উত্তর আমেরিকার ট্রাভেল ব্যবসায়
সবচেয়ে অভিজ্ঞ ট্রাভেল টিম
শুধুমাত্র ডিজিটাল ওয়ান ট্রাভেল-এ
পাবেন, যারা সর্বদা আপনাদের সেবায় প্রস্তুত



আবু তাহের খান
ট্রাভেল কনসালটেন্ট
২৬ বছরের অভিজ্ঞ



কাঞ্চন
ট্রাভেল কনসালটেন্ট
১২ বছরের অভিজ্ঞ



পুষ্প
ট্রাভেল কনসালটেন্ট
৫ বছরের অভিজ্ঞ

**7305 37th Road, Jackson Heights, NY 11372**
(কাবাব কিং এর পার্শ্বে, ডাইভারসিটি প্লাজায়)

**Phone: 917-396-4140, 917-592-7828**

Price Can Be Change Anytime. digitalonetravel@gmail.com www.digitalonetravel.com OPEN 7 DAYS: 11AM-10PM *Terms & Condition may apply. See store for details.

# কনগ্রেশনাল প্রক্লেমেশনপ্রাপ্ত, এক্সিডেন্ট কেইসেস ও ইমিগ্রেশন বিষয়ে অভিজ্ঞ যুক্তরাষ্ট্র সুপ্রিম কোর্টের এটর্নী এট ল'



## এটর্নী মঈন চৌধুরী

## Moin Choudhury, Esq.

Hon. Democratic District Leader at Large, Queens, NY

মাননীয় ডেমোক্রেটিক ডিস্ট্রিক্ট লিডার এট লার্জ, কুইন্স, নিউইয়র্ক।

সাবেক ট্রাষ্টি বোর্ড সদস্য-বাংলাদেশ সোসাইটি, ইনক.

**917-282-9256**

**Moin Choudhury, Esq**

**Email: moinlaw@gmail.com**

Moin Choudhury is admitted in the United States Supreme Court and MI State only. Also admitted in the U.S. Court of International Trade located in NYC



Timothy Bompart
Attorney at Law

## এক্সিডেন্ট কেইসেস

বিনামূল্যে পরামর্শ
কনস্ট্রাকশন কাজে দূর্ঘটনা
গাড়ী/ বিল্ডিং এ দুর্ঘটনা/ হাসপাতালে
বিকলাঙ্গ শিশুর জন্য
ফেডারেল ডিজএবিলিটি
(কোন অগ্রিম ফি নেয়া হয় না)
**Immigration**



Moin Choudhury
Attorney at Law

(To Schedule Appointment Only)

**Call:917-282-9256**

E-mail: moinlaw@gmail.com

Law offices of Timothy Bompart : 37-11 74 St., Suite 209, Jackson Heights, NY 11372

**Manhattan Office By Appointment Only.**

**Moin Choudhury Law Firm, P.C. 29200 Southfield Rd, Suite # 108, Southfield, MI 48076**

Timothy Bompart is admitted in NY only. Moin Choudhury is admitted in MI State only and the U.S Supreme Court.

দীর্ঘ দেড় যুগের বেশী
আপনাদের সেবায় নিয়োজিত



KARNAFULLY TRAVEL INC. (Approved Travel Agent)

IATA arc Approved

# কর্ণফুলি ট্রাভেল আই এন সি.

**Airlines Partners : ALL MAJOR AIRLINES Including Local Domestic Tickets**

## সৌদি হজ্ব মন্ত্রণালয় অনুমোদিত উমরাহ্ ট্রাভেল এজেন্ট

## প্যাকেজঃ হজ্ব ভিসা ও উমরাহ্ ভিসা

### আমাদের সুবিধা

নিজস্ব অফিস থেকে সরাসরি ARC এর মাধ্যমে যেকোন এয়ারলাইন্স এর টিকেট ইস্যু করে থাকি। অফিস সপ্তাহে ৭ দিন খোলা সকাল ১০:০০টা – রাত ১০:০০টা। তুলনামূলকভাবে বছরের যেকোনো সময় অত্যন্ত কমমূল্যে টিকেট প্রাপ্তির নিশ্চয়তা প্রদান করা হয়।

উমরাহ ভিসা আমাদের অফিস থেকে সরাসরি প্রসেস করা হয়। নিজস্ব হোটেলের মাধ্যমে প্রতি বছর দুই থেকে আড়াই হাজার ওমরা হাজীদের যাবতীয় সেবা দিয়ে থাকি।

**718 205 6050, 718 205 6055, 917 691 7721**

371673 Street. Suite 201 FR. Jackson Heights NY 11372

E-mail : karnafullytravel@yahoo.com, msalim@karnafullytravel.com

**Web: www.karnafullytravel.com**

## SmartTech IT Solutions Inc.

We built your dream Job in (IT)

- মাত্র ৪/৫ মাসে আপনিও হতে পারেন একজন আই.টি প্রফেশনাল।
- বছরে আয় করতে পারেন ৮০ থেকে ১২০ হাজার ডলার।
- আপনার ভর্তি সময় এই ফ্লায়ারটি দেখাতে পারলে ১০% ছাড় পাবেন!

SDET
MANUAL & AUTOMATION QA
Java
Selenium
SQL
API Testing...

Our Specialty:

আমরা অত্যন্ত সহজ পদ্ধতিতে পড়াই যা সবাই সহজেই বুঝতে পারে।
আমরা ইন্টারভিউ পিপারেশন ও চাকরি পাওয়া পরেও সাপোর্ট দিয়ে থাকি।
আমাদের এখানে কোর্স শেষে, প্রয়োজনে অতিরিক্ত ক্লাস করার সুযোগ পাবেন।
আমাদের লাইভ / অনলাইন ক্লাস এর ব্যবস্থা আছে।

No need computer background or IT experience.

37-21 75 STREET (3RD FL), JACKSON HEIGHTS, NY 11372

917 293 5724

contract.smarttech@gmail.com

www.smarttechitsolution.com

## হোমিও চিকিৎসা

জ্যাকসন হাইটস এর বাংলাদেশ প্লাজার নীচ তলায়



ডাঃ এফ হক
হোমিওপ্যাথিক কনসালট্যান্ট
DI. Hom (USA)
(Diploma in Homeopathy)

ব্যথা, পাইলস, গ্যাস্টিক, কিডনি ও প্রস্রাবের সমস্যা, যৌন ও চর্মরোগ সহ সব ধরনের জটিল রোগ।

### হোমিও ভিটামিন সেলিং সেন্টার
### Homeo & Vitamin Selling Center

এপয়েন্টমেন্ট এর জন্য কল করুন

**347-596-3111, 347-485-8020**

জ্যাকসন হাইটস অফিসঃ (বাংলাদেশ প্লাজা) (দুপুর ২টা থেকে রাত ৯টা পর্যন্ত)
৩৭-১৫ ৭৩ স্ট্রিট (Lower Level), জ্যাকসন হাইটস, নিউ ইয়র্ক।
ব্রুকলিন অফিসঃ (সকাল ১০টা থেকে দুপুর ২টা পর্যন্ত)
৪৭৫ ম্যাকডোনালস্ এভিনিউ, (৩য় তলা), ব্রুকলিন, নিউ ইয়র্ক।

## আমেরিকায় স্থায়ীভাবে বসবাসের ব্যাপারে ফ্রি পরামর্শ

B1/B2 সহ অন্য যে-কোন নন-ইমিগ্রান্ট ভিসায় আগতদের স্বপরিবারে আমেরিকায় বসবাসের জন্য রয়েছে অনেক সুযোগ

- ব্যাবসায়ী ও কর্পোরেট প্রফেশনালদের জন্য আছে L1A বা E2 ভিসা নিয়ে স্বপরিবারে আমেরিকায় বসবাস ও ভবিষ্যতে গ্রীনকার্ডের সুযোগ

- Small ইনভেস্টরদের জন্য আছে সহজেই অল্প বিনিয়োগে আমেরিকান franchise ক্রয়ের মাধ্যমে E2 ভিসা নিয়ে স্বপরিবারে আমেরিকায় বসবাস ও ভবিষ্যতে গ্রীনকার্ডের সুযোগ

- বিপদগ্রস্থ পলিটিশিয়ান ও এন.জি.ও কর্মীদের জন্য পলিটিকাল এসাইলামের আবেদন করে ৬ থেকে ৮ মাসের মধ্যে সোশাল সিকিউরিটি ও ওয়ার্ক পারমিট সহ বসবাসের সুযোগ

স্বনামধন্য আমেরিকান Lawyer এর মাধ্যমে VISA/Case প্রসেস করে থাকি



Member of
FRANCHISE BROKER ACADEMY

FRANCHISE | L1A VISA | E2 VISA | POLITICAL ASYLUM

**Captor USA, Inc.**
Franchise & Business Consulting Firm
37 16 73rd street, Suite: 402, Jackson Heights, NY 11372.
Phone: +1 (718) 433 9001, +1 (718) 433 9002; Fax: +1 (718) 744 9590
Cell: (201) 456-3103, Email: captor.usa@gmail.com, iftekhar.cml@gmail.com

হটলাইন : +১ ৭১৮ ৪৩৩ ৯০০১
সপ্তাহে ৭ দিনই খোলা

646-321-7507
WWW.EXPERTAUTOMATIONTEAM.COM
EAT
EXPERT AUTOMATION TEAM
YOUR PATH TO AUTOMATION

eclipse IJ GitHub HTML CSS JS Apache Maven Apache JMeter™ TestNG API C:\> BlazeMeter cucumber >_cmd MySQL

# #1 IT Institute
for
# Fullstack QA Automation Engineering

## আপনি কি **IT Industry** তে **Job** করতে চান এবং **$80,000** থেকে **$120,000** বেতন পেতে চান?

EAT EXPERT AUTOMATION TEAM

# 100% Success Rate

- Java
- Selenium
- Manual Testing
- Automation Testing
- SDLC
- Agile/Scrum
- Git/Github
- Command Line
- SQL
- API Testing
- Postman
- Performance Testing
- JMeter

আমরা Weekdays এবং Weekends দিনগুলিতে ক্লাস অফার করি।
আমাদের ONLINE এবং ONSITE ক্লাস আছে।
ক্লাস সপ্তাহে দুদিন।

**আমাদের কোর্সের মেয়াদ 12 সপ্তাহ।**

**646-321-7507 II 646-262-0268**

**ExpertAutomationTeam.com | 7062 45 Ave. Woodside, NY 11377 (1st Fl)**




# আল্লাহ যাদের অপছন্দ করেন

মাইমুনা আক্তার

কিছু কাজ এমন আছে, যেগুলোর মাধ্যমে আল্লাহর প্রিয় হওয়া যায়। আবার কিছু কাজ বা স্বভাব এমনও আছে, যেগুলো আল্লাহর ক্রোধকে বাড়িয়ে দেয়। নবীজি (সা.) এসব বিষয়ে তাঁর উম্মতকে সতর্ক করেছেন। আজ আলোচনা করব এমন একটি হাদিস নিয়ে, যেখানে আল্লাহর রাসুল (সা.) কিছু অভ্যাসের ব্যাপারে সতর্ক করেছেন। যে অভ্যাসগুলো মানুষকে আল্লাহর অপছন্দের পাত্র বানিয়ে দেয়। রাসুল (সা.) বলেছেন, চার ব্যক্তিকে মহান আল্লাহ তাআলা অপছন্দ করেন্অধিকহারে শপথকারী বিক্রেতা, অহংকারী দরিদ্র, বৃদ্ধ ব্যভিচারী এবং অত্যাচারী শাসক। *(নাসায়ি, হাদিস : ২৫৭৬)*।




**অধিকহারে শপথকারী বিক্রেতা**


উপরোক্ত হাদিসে অধিক হারে শপথকারী বিক্রেতা বলে বোঝানো হয়েছে মিথ্যা শপথ করে যারা পণ্য বিক্রি করে থাকে। *(তিরমিজি, হাদিস : ১২১১)*। যারা সৎ ব্যবসায়ী তাদের মহান আল্লাহ কিয়ামতের দিন সর্বোচ্চ স্থান দান করবেন। কিন্তু যারা ব্যবসা-বাণিজ্যে অসৎ, তাদের জন্য অপেক্ষা করছে কঠিন শাস্তি। একদিন রাসুল (সা.) লোকদের কেনা-বেচায় জড়িত দেখে বলেন, হে ব্যবসায়ী সম্প্রদায়। তারা রাসুলুল্লাহ (সা.)-এর ডাকে সাড়া দিল এবং নিজেদের ঘাড় ও চোখ উঠিয়ে তাঁর দিকে তাকাল। তিনি বললেন, কিয়ামতের দিন ব্যবসায়ীদের ফাসিক বা গুনাহগাররূপে উঠানো হবে। কিন্তু যেসব ব্যবসায়ী আল্লাহ তাআলাকে ভয় করে, নির্ভুলভাবে কাজ করে এবং সততা ধারণ করে তারা এর ব্যতিক্রম। *(তিরমিজি, হাদিস : ১২১০)*। কিছু ব্যবসায়ী সিন্ডিকেট করে মানুষকে জিম্মি করে রাখে। তারা নিত্য প্রয়োজনীয় পণ্য গুদামজাত করে দেশজুড়ে হাহাকার সৃষ্টি করে। রাসুল (সা.) বলেছেন, গুদামজাতকারী ব্যক্তি পাপাচারী। *(মুসলিম, হাদিস : ৪০১৪)*।

**অহংকারী দরিদ্র**

